

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৬২
আগরতলা, ১৫ জানুয়ারি, ২০২৫

বিধানসভা সংবাদ

**আগামী বছরগুলিতে বিদ্যাজ্যোতি স্কুলগুলির ছাত্রছাত্রীরা বোর্ড
পরীক্ষায় আরও ভালো ফল করবে : বিধানসভায় মুখ্যমন্ত্রী**

সিবিএসই পরিচালিত গত বোর্ড পরীক্ষায় বিদ্যাজ্যোতি স্কুলগুলির দশম শ্রেণিতে ৮৭ শতাংশ এবং দ্বাদশ শ্রেণিতে ৭৫ শতাংশ ছাত্রছাত্রী পাশ করেছে। সিবিএসই পরিচালিত বোর্ড পরীক্ষায় পাশের হার আরও বাড়ানোর জন্য শিক্ষা দপ্তর প্রচেষ্টা চালাচ্ছে। আশা করা হচ্ছে আগামী বছরগুলিতে বিদ্যাজ্যোতি স্কুলগুলির ছাত্রছাত্রীরা বোর্ড পরীক্ষায় আরও ভালো ফল করবে। আজ বিধানসভা অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে বিধায়ক গোপাল চন্দ্র রায়ের একটি প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডঃ) মানিক সাহা একথা বলেন।

বিধায়ক গোপাল চন্দ্র রায় এবং বিধায়ক সুদীপ রায় বর্মণের অতিরিক্ত প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, বিদ্যাজ্যোতি স্কুলগুলিতে পঠনপাঠনের আরও উন্নতিতে শিক্ষা দপ্তর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। মুখ্যমন্ত্রী জানান, বিদ্যাজ্যোতি প্রকল্পের গাইডলাইন অনুযায়ী শিক্ষা দপ্তর শুধুমাত্র বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলির জন্য ৩০০ জন বিষয় শিক্ষক এবং ২০০ জন স্পেশাল এডুকেটর নিয়োগের জন্য বিজ্ঞাপন দিয়েছিলো। উপযুক্ত প্রাথীর অভাবে ১৭৯ জন বিষয় শিক্ষক নিয়োগ করা সম্ভব হয়েছে। এরমধ্যে সোসিওলজির ৪৪ জন, ফিজিওলজির ৩৭ জন, জিওগ্রাফির ৪৯ জন এবং ইকোনমিস্টের ৪৯ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। ইতিমধ্যেই ৮৮ জন স্পেশাল এডুকেটর নিয়োগ করা হয়েছে। বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলির জন্য ১২৫ জন ফিজিক্যাল এডুকেশনের বিষয় শিক্ষক এবং ১২৫ জন স্কুল লাইব্রেরিয়ান পদ খুব সহসাই পূরণ করা হবে। ১১৮ জন কম্পিউটার সায়েন্সের বিষয় শিক্ষকের পদও খুব দ্রুত পূরণ করা হবে।

মুখ্যমন্ত্রী জানান, শিক্ষা দপ্তর বিদ্যাজ্যোতি স্কুলের গুণমান সম্পর্ক শিক্ষা এবং অবকাঠামো উন্নয়নের জন্য একাধিক উদ্যোগ গ্রহণ করেছে। ইতিমধ্যেই সিবিএসই, এসসিইআরটি এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের পক্ষ থেকে সিবিএসই বিশেষজ্ঞদের মাধ্যমে ৪১টি প্রশিক্ষণ শিবির করা হয়েছে। পঠন পাঠনের অগ্রগতির জন্য মনিটরিং ব্যবস্থা, শিক্ষকের ডায়েরি এবং ছাত্রছাত্রীদের নেট বুক, জেলার বিভিন্ন বিদ্যাজ্যোতি স্কুলগুলিতে সহায়তা করতে জেলা কো-অর্ডিনেটর এবং বিষয় বিশেষজ্ঞ, ১২৫টি সিবিএসই অনুমোদিত বিদ্যাজ্যোতি স্কুলের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য রিসোর্স জেনারেশন কর্মশালা শেষ হয়েছে, দশম ও দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের এবছর বোর্ড পরীক্ষার প্রস্তুতির জন্য নমুনা প্রশ্নপত্রের ব্যবস্থা, লার্নিং হাব, বোর্ড পরীক্ষায় ভালো ফলাফলের জন্য দশম ও দ্বাদশ শ্রেণির পরীক্ষার্থীদের জন্য গ্রুমিৎ ক্লাসরুম চালু করা হয়েছে, ওরিয়েন্টেশন সেশন, দশম এবং দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের মধ্যে সিবিএসই বোর্ড পরীক্ষার গত পাঁচ বছরের প্রশ্নপত্রের বিতরণ প্রভৃতির ব্যবস্থা করা হয়েছে।
